# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================

১) এক দেশ এক নির্বাচন বিষয়ক দুটি বিল আজ যৌথ সংসদীয় সমিতির কাছে প্রেরণ।

২) আগামী ২৯ শে ডিসেম্বর অনুষ্ঠেয় স্নাতক ও স্নাতকোত্তর টেট পরীক্ষার উপর গৌহাটির হাইকোর্টের স্থগিতাদেশ।

৩) রাজ্য গ্রামীণ জীবিকা অভিযানে ৮৩ হাজার যুবক - যুবতীকে বিভিন্ন বিভাগে প্রশিক্ষণ প্রদান।

এবং

৪) রাজ্যের সাধারণ প্রশাসন ইত্যাদি বিভাগের আয়ুক্ত ও সচিব তথা শ্রীভূমি জেলার রোল ওভজারভার এম এস মনিভান্নানের জেলার ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর অগ্রগতির সম্পর্কে খোঁজ।

---

এক দেশ এক নির্বাচন বিষয়ক দুটি বিল আজ যৌথ সংসদীয় সমিতির কাছে প্রেরণ করা হয়েছে । লোকসভার ২৭ জন সদস্য ও রাজ্যসভার ১২ জন সদস্য নিয়ে এই সমিতি গঠন করা হয়েছে । আজ সকালে সভায় মিলিত হোয়ার সময় কেন্দ্রীয় আইন

মন্ত্রী অর্জুন রাম মেঘোওয়াল সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ২০২৪ ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল ২০২৪ যৌথ সংসদীয় সমিতিকে প্রেরণের জন্য প্রস্তাব উত্থাপন করেন । এই সমিতি সংসদের পরবর্তী অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন সভায় এই বিল দুটি সম্পর্কে তথ্য দাখিল করবে । এই সংসদীয় পেনেলে বিজেপির নেতা পি পি চৌধুরী , অনুরাগ সিং ঠাকুর , পুরুষোত্তমভাই রপালা , কংগ্রেসের প্রিয়াংকা গান্ধী ও মনিষ তিয়ারী , টি এম সির কল্যান ব্যাণার্জী , এন সি পির সুপ্রিয়া সুলে সহ আরো কয়েকজন লোকসভার সদস্য রয়েছেন ।

---------------------------------------------------------------------------------

সংসদের উভয় সভা আজ ও হৈ হট্টগোল পরিস্থিতির জন্য স্থগিত রাখা হয় । লোকসভায় আজ সকালে সভা মিলিত হোয়ার সময় বিরোধী পক্ষের সদস্যরা ড: বি আর আম্বেদকরের প্রসংগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের প্রকাশ করা মন্তব্যের বিরুদ্ধে শ্লোগান দিতে আরম্ভ করেন । এই পরিস্থিতির মধ্যে সভার অধ্যক্ষ ওম বিরলা সাংসদদের কঠোরভাবে নিয়ম মেনে চলতে এবং সংসদের কোনো এক প্রবেশ দ্বারে প্রতিবাদী কার্যসূচী রুপায়ন থেকে বিরত থাকতে আহ্বান জানান ।সংসদের মর্যাদা রক্ষা করা প্রত্যেক সদস্যের সামগ্রিক দায়িত্ব বলে উল্লেখ করে সাংসদদের শৃঙ্খলা রক্ষা করতে তিনি আহ্বান জানান ।

রাজ্যসভায় আজ দিনটির কাজ আরম্ভ হোয়ার সময় শাসক বিরোধী উভয় পক্ষ শ্লোগান দিয়ে হৈ হট্টগোলপূর্ন পরিবেশের সৃষ্টি করে । সভার চেয়ারমেন জগদীপ ধনখড় সাংসদদের জনসাধারনের আস্থা ও আশা আকাংঙ্খাকে সম্মান জানাতে আহ্বান জানানো সহ তাদের দায়বদ্ধতা প্রদর্শনের জন্য ওঅনুরোধ জানান ।যুক্তি সংগত আলাপ আলোচনার পরিবর্তে শুধু বিশৃংঙ্খলতা পরিলক্ষিত হোয়ার বিষয়টিতে উদ্বেগ প্রকাশ করে রাজ্যসভার চেয়ারমেন দল মত নির্বিশেষে প্রত্যেক সাংসদকে নিজ নিজ বিবেকের স্থিতি পর্যবেক্ষণ করতে অনুরোধ জানান ।

---------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে প্রতিরক্ষা ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা এবং কৌশলগত অংশীদারিত্ব ছাড়াও দেশের সীমান্ত সুরক্ষার ক্ষেত্রে কৌশলগত বৈশ্বিক অংশীদারিত্বও শক্তিশালী হতে হবে ।আজ সেকেন্দ্রাবাদের প্রতিরক্ষা ব্যবস্থা মহাবিদ্যালয়কে সম্মানজনক রাষ্ট্রপতির পতাকা আনুষ্ঠানিকভাবে প্রদান করে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্ম এই মন্তব্য করেন ।মেক ইন ইন্ডিয়া , প্রতিরক্ষা শিল্পের উন্নয়ন করিডোরের মতো বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে প্রতিরক্ষা ক্ষেত্রকে শক্তিশালী করে তুলতে সরকার ব্যবস্থা গ্রহণ করেছে বলে রাষ্ট্রপতি জানান ।তিনি বলেন যে ভারতের প্রযুক্তিগত উন্নত

সরঞ্জাম নির্মাণ করে এক নতুন পর্যায়ে আত্মনির্ভরশীলতার লক্ষ্যে উপনীত হওয়ার সঠিক সময় ।আত্মনির্ভর ভারত অভিযানের লক্ষ্য পূরণে সহায়ক হতে তিনি সশস্ত্র বাহিনীগুলোর প্রতি আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------------

সশস্ত্র সীমা বল এস এস বি'র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বাহিনীর অমর শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।স্বরাষ্ট্রমন্ত্রী  বাহিনীর প্রত্যেক জওয়ান ও তাদের পরিবারের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন যে এস এস বি ত্যাগ এবং বীরত্বের মাধ্যমে জাতীয় সুরক্ষা তথা জনসেবাকে সর্বাধিক অগ্রাধিকার প্রদান করছে ।

---------------------------------------------------------------------------------------------

গৌহাটীতে আজ কংগ্রেস দলের এক প্রতিবাদী কার্যসূচী রূপায়ন করার সময় দলের সভাপতি ভূপেন বরা সহ কয়েকজন নেতা -কর্মীকে পুলিশ আটক করেছে ।প্রয়াত কংগ্রেস কর্মী মৃদুল ইসলামের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও তাঁর মৃত্যুর ঘটনার বিচার বিভাগীয় তদন্তের দাবীতে কংগ্রেস কর্মীরা হাতীগাঁও চৌমাথায় সমবেত হয়ে দিসপুর জনতা ভবনের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করে । পুলিশ প্রতিবাদকারীদের প্রতিহত করে এবং ভূপেন বরা সহ দলটির প্রবীণ নেতা রিপুন বরা , বিধায়ক দিগন্ত বর্মন , জাকির হুসেন সিকদার সব বেশ কয়েকজন নেতা কর্মীকে আটক করেছে ।এর পর একাংশ কংগ্রেস কর্মী পুলিশের বাধা নিষেধ উপেক্ষা করে জনতাভবনে যাওয়ার চেষ্টা করলে পুলিশ আবারও কয়েকজনকে আটক করে ।শেষ খবর পাওয়া পর্যন্ত কংগ্রেস নেতাদের কাহিলী পারার দশম পুলিশ ব্যাটেলিয়ন প্রাঙ্গনে রাখা হয়েছে ।এদিকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটি এই ঘটনাকে অগণতান্ত্রিক বলে অভিযোগ করে এর তীব্র নিন্দা জানায় ।

---------------------------------------------------------------------------------------------

গুয়াহাটী হাইকোর্ট আগামী ২৯ শে ডিসেম্বর স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষক নিযুক্তির জন্য আনুষ্ঠেয় টেট পরীক্ষা পিছিয়ে দিতে শিক্ষাবিভাগকে নির্দেশ দিয়েছে ।একাংশ প্রার্থীর দাখিল করা একটি লিখিত আবেদনের শুনানি গ্রহণ করে হাইকোর্টের বিচারপতি মনীষ চৌধুরীর বিচারপীঠ এই নির্দেশ প্রদান করে ।শিক্ষা বিভাগ আগামী ২৯ শে ডিসেম্বর টেট তথা নিযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছিল । তবে গত ৫ ডিসেম্বর এই পরীক্ষায় নতুন করে অংক বিষয়টি অর্ন্তভুক্ত করার জন্য একাংশ প্রার্থী হাইকোর্টের দ্বারস্থ হয় ।প্রার্থীদের এই আবেদনের ভিত্তিতে হাইকোর্ট শিক্ষা বিভাগকে পরীক্ষার দিন কম করেও ১৫ দিন পিছিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছে ।

---

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অর্ন্তগত আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের অধীনে ৮৩ হাজার যুবক যুবতীকে বিভিন্ন বিভাগে প্রশিক্ষণ প্রদান করে দক্ষ করে তুলতে সমর্থ হোয়া গেছে বলে  বিভাগীয় মন্ত্রী রঞ্জিত কুমার দাস জানিয়েছেন । শ্রী দাস বলেন যে দীনদয়াল উপাধ্যায়  গ্রামীন কৌশল যোজনার  মাধ্যমে ৮৩  হাজার যুবক যুবতীর দক্ষতা বিকাশ করা সহ ৪৯  হাজার যুবক যুবতীকে বিভিন্ন স্থানে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে ।মন্ত্রী আজ পাঞ্জাবারীতে রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের কার্যালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে আংশ গ্রহণ করেন ।তিনি বিভাগের সম্পাদন করা বিভিন্ন কাজের পর্যালোচনা করা সহ দক্ষতা বিকাশের অন্যতম কার্যসূচি দীনদয়াল উপাধ্যায় যোজনার অগ্রগতির খোজ নেন ।

---

শ্রী ভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রের চলতি ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর  অগ্রগতি সম্পর্কে রাজ্যের সাধারণ প্রশাসন ইত্যাদি বিভাগের আয়ুক্ত ও সচিব তথা শ্রীভূমি জেলার নির্বাচনী রোল অবজারভার এম এস মনিভন্নাম খোজ নেন । আজ বিকেলে শ্রী ভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , প্রশাসনিক কর্মী ও রাজনৈতিক দলের সদস্যদের উপস্থিতিতে জেলার ভোটার তালিকার চলতি বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর অগ্রগতি নিয়ে আলোচনা করতে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় নির্বাচন আধিকারিক জানান যে শ্রীভূমি জেলায় মোট কেন্দ্রের সংখ্যা হচ্ছে ১ হাজার ৯৯  । ১৯ শে ডিসেম্বর পর্যন্ত মোট ভোটার রয়েছেন ৯ লক্ষ ৫২ হাজার ৩২ । এর মধ্যে পুরুষ ভোটার রয়েছেন ৪ লক্ষ  ৮২ হাজার ৬৫৬ ও মহিলা রয়েছেন ৪ লক্ষ ৬৯ হাজার ৩৭৬ । বিশেষভাবে সক্ষম ভোটার রয়েছেন ১০ হাজার ২শ ২৭ ।এবং ৮৫ বছরের উর্দ্ধে রয়েছেন ৭ হাজার ৯৪৬ ও ১০০ বছরের উর্দ্ধে রয়েছেন ১০৯ জন ভোটার সভার জানানো হয় যে চলতি ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীতে ২৯ শে অক্টোবর থেকে ১৯ সে ডিসেম্বর পর্যন্ত দাবি আপত্তি নাম সংযোজন ইত্যাদির জন্য ১৩ হাজার ১শ ৮ টি আবেদনপত্র জমা পড়েছে । এগুলি খতিয়ে দেখার প্রক্রিয়া অব্যাহত রয়েছে । চূড়ান্ত ভোটার তালিকা ৫ ই জানুয়ারি প্রকাশ করা হবে।

---

কেন্দ্রীয় বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আগামীকাল একদিনের সফরে শ্রীভূমি জেলা সফরে আসছেন । মন্ত্রী শ্রী মার্ঘেরিটা আগামীকাল বিকেল সাড়ে চারটায় শ্রীভূমি

শহরে পৌছে জেলা বিজেপি কার্য্যলয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হবেন । এরপর মন্ত্রী শ্রী মার্ঘেরিটা শিলচর চলে আসবেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কাটলিছড়ায় আজ থেকে পাঁচ দিনের পৌষ মেলা শুরু হয়েছে । কাটলিছড়া পৌষ মেলা উদযাপন সমিতির উদ্যোগে চালমার্স হাইস্কুলের খেলার মাঠে আয়োজিত এই মেলা উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ ও আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক শান্তনু সরকার যৌথভাবে উদ্বোধন করেন । মেলায় বরাক উপত্যকার বিভিন্ন সম্প্রদায়ের কৃষ্টি-সংস্কৃতি ও খাদ্য সামগ্রী প্রদর্শন করা হয়েছে । আগামী ২২শে ডিসেম্বর পর্য্যন্ত মেলা চলবে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য্য আজ দলীয় কার্য্যলয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দলের নয়জন মন্ডল সভাপতির নাম ঘোষনা করেছেন । সভাপতি শ্রী ভট্টচার্য্য জানান যে হাইলাকান্দি শহর মন্ডল সভাপতি হিসেবে অমিত কুমার দেব সহ সমগ্র জেলার আরো ৮ জন নতুন মন্ডল সভাপতি মনোনীত হয়েছেন । এরমধ্যে কালীনগর মন্ডলে অশোক কুমার দাস , কাটলিছড়ায় সন্দীপ পাল , লালা মন্ডলে অভিজিৎ আচার্য্য , আয়নাখাল-রাজ্যেশ্বরপুর মন্ডলে কিরন কুমার তেলী , হাইলাকান্দি ব্লক মন্ডলে সুদীপ গোস্বামী , আলগাপুর মন্ডলে মিটন পাল , সিরিষপুর-রামচন্ডী মন্ডলে নারায়ন শুক্লবৈদ্য এবং দক্ষিন হাইলাকান্দি মন্ডলে টিংকু হাজামকে মনোনীত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা সমাজ কল্যান বিভাগের হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওমেন -এর মিশন শক্তি ও সংকল্প কার্য্যসূচীর অধীনে এবং নারী ও শিশু উন্নয়ন মন্ত্রকের প্রচেষ্টায় আগামীকাল সকাল ১১টায় লোয়াইরপোয়ার হাতিখিরা কমিউনিটি হলে স্বাস্থ্য ও পরিপুষ্টি মেলা অনুষ্ঠিত হবে । জেলার শিশু ও মহিলাদের পুষ্টিকর খাদ্য ও ঋতুকালীন স্বাস্থ্য সম্মত পরিচ্ছন্নতা সর্ম্পকে সচেতনতা গড়ে তুলতে এই মেলা অনুষ্ঠিত হবে । জেলা সমাজ কল্যান বিভাগ থেকে সর্বস্তরের জনগনকে মেলায় যোগ দিতে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে শুধুমাত্র রেজিষ্ট্রার্ড ট্রাভেল এজেন্সিগুলি থেকে বার্ষিক ভাড়ার ভিত্তিতে গাড়ি সরবরাহ করার জন্য দরপত্র আহ্বান জানিয়েছেন । আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে দরপত্র জমা করা যাবে । বিশদ

বিবরনের জন্য জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------